# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১২৯১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৬. দ্বিতীয় অনুচ্ছেদ - দু‘আ কুনূত

### আরবী

وَعَنْ أَنَسٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَنَتَ شَهْرًا ثُمَّ تَرَكَهُ. رَوَاهُ أَبُو دَاوُد وَالنَّسَائِيّ

### বাংলা

১২৯১-[৪] আনাস (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একাধারে এক মাস পর্যন্ত (রুকূ’র পরে) ’দু’আ কুনূত’ পাঠ করেছেন। তারপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তা ত্যাগ করেছেন। (আবূ দাঊদ, নাসায়ী)[1]

### ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ১৪৪৫, নাসায়ী ১০৭৯, আহমাদ ১২৯৯০, ১৩৬০১, ১৩৬৪১।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফরয সালাতে রুকূ‘র পরে কুনূতে নাযিলাহ্ পড়া ছেড়ে দিয়েছিলেন। যে বিষয়ে বিস্তারিত আলোচনা পূর্বে অতিবাহিত হয়েছে। এ বিষয়ে ইমাম শাফি‘ঈ (রহঃ) বলেন যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চার ওয়াক্ত সালাতে (যুহর ‘আসর, মাগরিব ও ‘ইশার সালাত) কুনূতে নাযিলাহ্ বর্জন করেছেন কিন্তু ফজরে বর্জন করেননি। অথবা তিনি গোত্রগুলোর উপরে অভিসম্পাত করা বর্জন করেছিলেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55851

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন